



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা



...

সভাপতি	ড. মহঃ শের আলী মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২০ জুন ২০২১
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র সেবাগ্রহীতা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), হাইড্রো কার্বন ইউনিট এবং বিস্ফোরক পরিদপ্তর এর প্রতিনিধিদের সাথে এক অবহিতকরণ সভা মহাপরিচালক (যুগ্মসচিব) ড. মহঃ শের আলী এর সভাপতিত্বে ২০ জুন ২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অনলাইন সিস্টেম জুমে অনুষ্ঠিত হয়।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে অনুমতিক্রমে জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ আলমগীর কবীর জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, জিএসবি একটি ভূ-বৈজ্ঞানিক সংস্থা, এখানে জনগণের সাথে সরাসরি সম্পৃক্ততা কম।


এ পর্যায়ে সভাপতি এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় অংশীজনের এ সভার আয়োজন করা হয়েছে উল্লেখ করে জিএসবি হতে সেবা পেতে কোন সমস্যা হচ্ছে কিনা এ বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের মতামত জানতে চান। সভায় উপস্থিত সেবাগ্রহীতা হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি জনাব নাজমুল হক জিএসবি হতে তাদের চাহিদাকৃত তথ্য-উপাত্ত এবং অন্যান্য আনুষঙ্গিক সেবাসমূহ যথাসময়ে পাওয়া যায়, সেবা প্রাপ্তিতে কোন বিলম্ব হচ্ছেনা মর্মে সভাকে অবহিত করেন। হাইড্রোকার্বন ইউনিট হতে সেবা পেতেও কোন সমস্যা বা বিলম্ব হয়না মর্মে জনাব মোঃ নুরুদ্দিন সরকার, পরিচালক (ভূতত্ত্ব) জিএসবি সভাকে অবহিত করেন।

জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) অংশীজনদের মধ্যে পারস্পরিক মতবিনিময়ের উপর গুরুত্বারোপ করে হাইড্রোকার্বন ইউনিট হতে কী কী সেবা পাওয়া যায় তা জানানোর অনুরোধ করেন। সভাপতি হাইড্রোকার্বন ইউনিট হতে প্রদানকৃত সেবার একটি ধারণা প্রদান করেন এবং জিএসবি'র সুনির্দিষ্ট কোন সেবার চাহিদা থাকলে সে মোতাবেক হাইড্রোকার্বন ইউনিটের সাথে পারস্পরিক যোগাযোগের ভিত্তিতে তা পাওয়া যেতে পারে মর্মে মতামত প্রদান করেন।

বিস্ফোরক পরিদপ্তর হতে সভায় অংশগ্রহণকারী অংশীজন জনাব সানজিদা বেগম জিএসবি হতে তাদের চাহিদাকৃত সেবাসমূহ যথাসময়ে পাওয়া যায়, সেবা প্রাপ্তিতে কোন সমস্যা হচ্ছেনা মর্মে সভাকে জানান।

সভায় উপস্থিত খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র সেবাগ্রহীতা জনাব মাহবুবা আক্তার ইজারা প্রদানের নিমিত্ত ইজারামূল্য নির্ণয়, বিভিন্ন খনিজের উপস্থিতি, ব্যাপ্তি ইত্যাদি নিরূপণে চাহিদার ভিত্তিতে জিএসবি হতে যথাসময়ে প্রতিনিধি মনোনয়ন পাওয়া যায়। এছাড়া বিএমডি'র চাহিদা অনুযায়ী জিএসবি হতে জনবলসহ বিশেষজ্ঞ মতামত সমঝমত পাওয়া যায় মর্মে সভাকে অবহিত করা হয়। বিএমডি হতে জিএসবি'র সেবা প্রাপ্তিতে কোন সমস্যা হচ্ছে কিনা সভাপতির এ প্রশ্নের জবাবে জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন যে বিএমডি হতে জিএসবি'র সেবা প্রাপ্তিতে কোন অসুবিধা হচ্ছে না। জিএসবি হতে বিএমডিতে প্রতিনিধি মনোনয়ন প্রদানে কিছু ক্ষেত্রে বিলম্ব হলেও তা আলাপ আলোচনার ভিত্তিতে সমাধান করা হয় মর্মে তিনি সভাকে অবহিত করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৩২

তারিখ: ১২ আষাঢ় ১৪২৮

২৬ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জিএসবি'র শাখা প্রধানগণ
- ২) জিএসবি'র কর্মকর্তাবৃন্দ



মোহাম্মদ আলমগীর কবীর
উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১